

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

প্রজ্ঞাপন

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৮/২২ জুন ২০২১ খ্রিস্টাব্দ

নং ৪১.০০.০০০০.০১৬.২৩.০০১.২১-২৩০ - 'মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮' এর অনুচ্ছেদ ১০.২, ১০.৫, ১১.১(ঙ), ১৩ এবং ১৩(ক) নিম্নরূপভাবে সরকার কর্তৃক সংশোধন/প্রতিস্থাপন করা হলো:

(ক) বর্ণিত নীতিমালার অনুচ্ছেদ ১০.২ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“১০.২ “মনোনয়ন আহ্বান করে নির্দিষ্ট সময়ের মধ্যে জেলা কমিটির সদস্য সচিব এর নিকট প্রেরণের জন্য ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের ব্যবস্থা করা হবে। অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের নিকট প্রস্তাব আহ্বান করে পত্র প্রেরণ করা হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধিনস্ত সমাজসেবা অধিদফতরসহ অন্যান্য সংস্থার ওয়েবসাইটে এ সংক্রান্ত সকল তথ্য প্রকাশ করা হবে;”

(খ) নীতিমালার অনুচ্ছেদ ১০.৫ নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“১০.৫ মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাব সরাসরি সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;”

(গ) নীতিমালার অনুচ্ছেদ ১১.১ এর কর্মসূচি ও নির্ধারিত সময়সীমা সংক্রান্ত (ঙ) ক্রমিক নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“(ঙ) মন্ত্রণালয়/বিভাগ হতে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ- ২০ আগস্ট”

(ঘ). নীতিমালার অনুচ্ছেদ ১৩- এ উল্লিখিত জাতীয় কমিটির নাম নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:


“জাতীয় পর্যায়ে বাছাই কমিটি”

(ঙ) নীতিমালার অনুচ্ছেদ ১৩(ক) নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে:

“(ক) মাননীয় মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়- সভাপতি”

০২। ‘মাদার অব হিউম্যানিটি সমাজকল্যাণ পদক নীতিমালা-২০১৮’ এর এ সংশোধনী অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২২.৬.২০২১
(খাদিজা নাজনীন)
উপসচিব